भारतीय गैर न्यायिक

INDIA NON JUDICIAL

Rs. 15000

RUPEES FIFTEEN THOUSAND

सत्यमेव जयते

भारत INDIA

0JBB 923609

Addl Dist Sub-Registrar
Cossipore; Dum Dum
24-Parganas (North)

( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt SANTI DE )

3 - MAY 2001

মং ২,০০,০০০, দুই লক্ষ টাকা
পণের সাফ বিক্রয় কোবালা ॥
**************************

ক্রেতা :- শ্রী বিমল ভট্টাচার্য্য পিতা বীরেশ্বর ভট্টাচার্য্য, জাতি - হিন্দু, পেশা - [illegible], সাং - ৩৩ই, ইউ.কে. দত্ত রোড, থানা - দমদম, জেলা - উত্তর ২৪ পরগণা, কলিকাতা - ২৮ ॥

বিক্রেতা :- শ্রীমতী শান্তি দে স্বামী গদাধর দে, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, সাং - ১০ নং শত্রুঘ্ন লেন, কলিকাতা - ৭০০০০১, হাল সাং - ৩ নং রবিনসন স্ট্রীট, থানা - ইন্টালী, কলিকাতা - ১৪ । পক্ষে ইংরাজী ১৮.১.২০০১ তারিখে কলিকাতা এ্যাসুরেন্স .....

Market Value assessed Rs. 391,000/-
Deficit Stamp duty of Rs. 6780/-
is paid u/s 41 by Bank draft No. 01.31
[illegible] dt. 28.5.01 from
S. B. I. [illegible] Branch
Certified that the document is duly Stamped

A.D.S.R., Cossipore, Dum Dum
& Collector u/s 41
3/5/01

Deficit Fees Rs. 2101/-
realised vide Misc. Receipt
No. 1629 dt. 3/5/01

A.D.S.R., C/Dum Dum
u/s 41 & 40
3/5/01

28662 Bimal Bhattacharjee
33B U.K. Dutta

31.1.2001

Addl. Dist. Sub-Registrar
Cossipore, Dum Dum
24-Parganas (North)

V.T.9
243 1 FEB 2001

3 ⊂ 15000/-
3 ⊂ 3000/-
⊂ 500/-
2 ⊂ 300/-

V.T.9
244

SATHI CHATTERJEE
M.A. B.ED. L.L.B Advocate
(Sealdha Court)

Sathi Chatterjee

Addl. Dist. Sub-Registrar
Cossipore, Dum Dum
24-Parganas (North)

1 FEB 2001

1000Rs.

INDIA NON JUDICIAL

२000रु.

Rs 1000

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

:: ২ ::

এ্যাসুরেন্স রেজিস্ট্রী অফিসের ২০০১। ২২৯ নং এককেতা রেজিস্ট্রীকৃত আমমোক্তার নামা দলিল মূলে নিযুক্তিয় আমমোক্তার শ্রী অরুন কুমার দে পিতা ৺ গদাধর দে, জাতি - হিন্দু, পেশা - , সাং - ৩ নং রবিনসন ষ্ট্রীট, থানা - ইন্টালী, কলিকাতা - ১৭ ।।

সমর্থনকারী পক্ষ : - শ্রী গৌরী বোস পিতা ৺ অমূল্য কুমার বোস
*************

জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - ৩০।১।১, পোস্ট অফিস রোড, থানা - দমদম, কলিকাতা - ২৮ ।।

ক্রমশ ....

1000Rs.

INDIA NON JUDICIAL

২০০০রু.　Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हज़ार रुपये　ONE THOUSAND RUPEES

:: ৩ ::

কব্জ্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তি যায় যাবতীয় রাস্তার চলাচলের বত্তস্বত্ব যায় যাবতীয় ইজমেন্ট স্বত্ব সহ সাফ্ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে : -

জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম ও এ্যাডিসনাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম সামিল সাবেক সাউথ দমদম মিউনিসিপ্যালিটীর বর্ত্তমান দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন কলিকাতা পরগণাস্থিত মৌজা দিগলা

গ্রামে ....

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रु. Rs 1000

सत्यमेव जयते

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

( ARUN KUMAR DE )
Constituted Attorney
For Smt. SANTI DE

:: ৪ ::

গ্রামে ১৭০ নং তৌজীভুক্ত বর্ত্তমান মালেক মহামান্য পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণার জেলা কালেক্টর বাহাদুর অধিকারে সাবেক ২৭৬ নং খতিয়ান ভুক্ত ১.০৬ শতক জমির কাত বার্ষিক ৪্ টাকা করের রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট জমিজমা সহ আরও অন্যান্য সম্পত্তি যাহা জনৈক নরোত্তম মল্লিক মহাশয়ের খাস স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে। তিনি উক্ত সম্পত্তি খাসে ভোগ দখল করিতে থাকাকালে বিগত ইংরাজী ১৪.৫.১৯২৬ তারিখে আলিপুর সদর রেজিস্ট্রী অফিসের ১ নং বহির ৪৭ নং ভলুমের ৭২ - ৭৮ পাতায় নকলকৃত ২১৮৬ নং এককেতা রেজিস্ট্রীকৃত

সাক্ষ্ .....

500Rs.

INDIA NON JUDICIAL

৫০০রু. Rs 500

सत्यमेव जयते

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

(ARUN KUMAR L...
Constituted Attorney
for Smt. SANTI DE)

:: ৫ ::

সাফ কোবালা মূলে ২ নং রামকৃষ্ণ লেন বাগবাজার নিবাসী মঙ্গল দাস দত্ত মহাশয়ের পুত্র শ্রী জগবন্ধু দত্ত মহাশয়কে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরনিঃস্বত্ত্ব ও দখলচ্যুত হইলে পর উক্ত জগবন্ধু দত্ত মহাশয় উক্ত সম্পত্তি যৌথ পরিবারের কর্ত্তা হিসাবে খরিদান্তে খাস দখলে লইয়া তৎকালিন সাউথ দমদম মিউনিসিপ্যালিটীতে নিজ নামে ২ নং পরে ৫ নং দিগলা রোড পরবর্ত্তী কালে ৯.নং ন - পাড়া রোড হোল্ডিং রূপে নাম পত্তন করাইয়া উক্ত সম্পত্তির উপর গৃহাদী নির্ম্মান করত: বসবাসাদির দ্বারা খাসে ভোগ দখল করিতে

থাকাবস্থায় .....

100Rs.







থাকাবস্থায় হাল রিভিসনাল সেটেলমেন্টের জরীপ আরম্ভ হয় । জরীপ কালিন হাল উক্ত ২৭৬ নং খতিয়ানের ৩৯৮ নং দাগে ১.০৮ শতক জমি বার্ষিক ৪, টাকা খাজনা ধার্য্যে রায়ত দখলী স্বত্বে ও হাল ৭১২ নং খতিয়ানে ৩৯৭ নং দাগে ২৫ শতক জমি বার্ষিক ৷৴ ৬ পাই খাজনা ধার্য্যে রায়ত দখলী স্বত্বে উক্ত জগবন্ধু দত্ত মহাশয়ের নামে রেকর্ড হইয়া লিপিবদ্ধ হয় ! এমতাবস্থায় উক্ত জগবন্ধু দত্ত মহাশয় ইংরাজী ১৯.১১.১৯৩০ তারিখে লোকান্তরীত হইলে পর তৎত্যাক্ত সম্পত্তি তাহার ওয়ারেশ শ্রীমতী লক্ষ্মী মনি দত্ত, শ্রীমতী ক্ষিরোদা সুন্দরী দত্ত, রাজকুমার

দত্ত .....

100Rs.





:: ৭ ::

দত্ত বনিক ও চন্দ্র কুমার দত্ত বনিক, সীতানাথ দত্ত বনিক, অনন্ত কুমার দত্ত বনিক, শ্রীমতী জগৎ লক্ষ্মী দত্ত বনিক দিগর ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া থাকে এজমালে ভোগ দখল করিতে থাকাবস্থায় উক্ত রাজকুমার দত্ত বনিক, চন্দ্র কুমার দত্ত বনিক, সীতানাথ দত্ত বনিক এবং অনন্ত কুমার দত্ত বনিক দিগর উক্ত সাবেক ৫ নং দিগলা রোড পরে ৯ নং ন - পাড়া রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি সহ আরও অন্যান্য সম্পত্তি সকলের এজমালিতে ভোগ দখলের অসুবিধার কারন ইংরাজী ১৯৩২ সালে কলিকাতা হাইকোর্টে ১৯৩২ সালের ৫৯৫ নং এক পার্টিশন স্যুট মোকদ্দমা উক্ত শ্রীমতী লক্ষ্মী মনি দত্ত, শ্রীমতী

ফিরোদা .....

100 Rs.




( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt SANTI DE )



ক্ষিরোদা সুন্দরী দত্ত এবং শ্রীমতী জগৎ লক্ষ্মী দত্ত বনিক দিগর বিরুদ্ধে আনয়ন করেন। উক্ত মোকদ্দমা চলিতে থাকাকালিন উক্ত চন্দ্রকান্ত দত্ত বনিক ইংরাজী ৪.৬.১৯০২ তারিখে লোকান্তরীত হইলে পর তৎত্যাক্ত সম্পত্তি তাহার স্ত্রী শ্রীমতী কানিতারা দত্ত বনিক এবং দুই নাবালক পুত্র শ্রী নারায়ন দত্ত বনিক এবং কেশব চন্দ্র দত্ত বনিক দিগর ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হইয়া উক্ত পার্টিশান স্যুট মোকদ্দমায় পক্ষভুক্ত হন। অতঃপর ইংরাজী ২০.৫.১৯০৮ তারিখে মহামান্য কলিকাতা হাইকোর্টের ইংরাজী ১৯০২।৫১৫ নং পার্টিশান স্যুট মোকদ্দমার চূড়ান্ত রায়ে উক্ত শ্রী রাজ কুমার দত্ত বনিক,

সীতানাথ ....

50 Rs.




( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt. SANTI DE )



সীতানাথ দত্ত বনিক, অনন্ত কুমার দত্ত বনিক , কালিতারা দত্ত বনিক , নারায়ন দত্ত বনিক, কেশব চন্দ্র দত্ত বনিক ও উক্ত জগৎ লক্ষ্মী দত্ত বনিক দিগর অংশে উক্ত সাবেক ৫ নং দিগলা রোড পরে ৯ নং ন - পাড়া রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি যি চিহ্নিত ও নির্দিষ্ট হয় । উক্ত জগৎলক্ষ্মী দত্ত বনিককে উক্ত সম্পত্তিতে তাহার জীবিত কালতক ভোগ দখলের অধিকার প্রদান করেন । অতঃপর ইংরাজী ১৯৩৯ সালে উক্ত সীতারাম দত্ত বনিক লোকান্তরীত হইলে পর তৎত্যাক্ত সম্পত্তি তাহার ওয়ারেশ স্ত্রী শ্রীমতী ভগবতী দত্ত বনিক ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হন । তৎপরেউক্ত কেশব চন্দ্র দত্ত বনিক অবিবাহিত অবস্থায় ইংরাজী ১৯৩৯ সালে লোকান্তরীত হইলে পর তৎত্যাক্ত সম্পত্তি তাহার মাতা উক্ত শ্রীমতী কালিতারা

দত্ত .....






দত্ত বনিক ওয়ারেশ উত্তরাধিকারী সূত্রে প্রাপ্ত হন । অতঃপর উক্ত কালিতারা দত্ত বনিক ও নারায়ন চন্দ্র দত্ত বনিক দ্বয় উক্ত সম্পত্তির তাহাদের নিজ রকম ১/৬ অংশ বাবদ সম্পত্তি বিগত ইংরাজী ১.৪.১৯৪৪ তারিখে কলিকাতা এ্যাসুরেন্স অরজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৩৯ নং ভলুমের ১ - ২ পাতায় নকলকৃত ১০৩৮ নং এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা মূলে উক্ত শ্রী রাজ কুমার দত্ত বনিক দিগরকে সাফ বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলে পর উক্ত শ্রী রাজকুমার দত্ত বনিক দিগর তাহাদের উল্লিখিত প্রকারে প্রাপ্ত সম্পত্তি সমূহ খাসে এজমালে ভোগ দখল করিতে থাকাকালে উক্ত সম্পত্তি মধ্যে

উক্ত ....

20 Rs.




ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt. SANTI DE

:: ১১ ::

মধ্যে রাজকুমার দত্তবনিক ও শ্রী অনন্ত কুমার দত্ত বনিক দ্বয় তাহাদের খাস স্বত্ব ও হিন্দু দায়ভাগ আইনানুযায়ী উক্ত ভগবতী দত্ত বনিক এবং শ্রীমতী জগৎ লক্ষ্মী দত্ত বনিক দ্বয়ের জীবন স্বত্ব বিক্রয় করিবার ঘোষনা করিলে আমি অত্র দলিলের বিক্রেতা বিগত ইংরাজী ২০.৫.১৯৪৪ তারিখে কলিকাতা এ্যাসুরেন্স রেজিষ্ট্রী অফিসের ১নং বহির ৫২ নং ভল্যুমের ৫১ - ৬০ পাতায় নকলকৃত ১৫৬৫ নং একক্রেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা মূলে উক্ত শ্রী রাজ কুমার দত্ত বনিক, শ্রী অনন্ত কুমার দত্ত বনিক, শ্রীমতী ভগবতী দত্ত বনিক এবং শ্রীমতী জগৎ লক্ষ্মী দত্ত বনিক দিগর নিকট হইতে নিম্ন তপশীল বর্নিত জমি সহ আরও জমি আমার নিজস্ব স্ত্রীধন অর্থে খরিদ করিয়া স্থানীয় মিউনিসিপ্যালিটীতে ও

মালিকান .....

( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt. SANTI DE ).



মালিকান সরকারে নিজ নাম পত্তন পূর্ব্বক নির্দ্ধারিত করাদী আদায়ে খাসে ভোগ দখল করিয়া আসিতেছি। যাহা আমার দান, বিক্রয়, হস্তান্তরাদী করিবার উত্তম নিব্যূঢ় স্বত্ব বর্ত্তমান আছে।

বর্ত্তমানে আমার নানাবিধ বৈধ কারনে নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় আমার খাস দখলিয় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি সহ আরও সম্পত্তি বিক্রয় করিবার প্রয়োজন। কিন্তু আমার পক্ষে উক্ত সম্পত্তির উন্নতি সাধন করত: উহার খরিদ্দার সংগ্রহ করিয়া বিক্রয় করা অসুবিধা বিধায় অত্র দলিলস্থ সমর্থনকারী পক্ষ শ্রী গৌর বোস মহাশয়ের সহিত উক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য এক চুক্তিতে আবদ্ধ হই। উক্ত চুক্তিতে সর্ত্ত থাকে যে অত্র দলিলস্থ সমর্থনকারী পক্ষ উক্ত সম্পত্তি উন্নতি সাধন করত: উহার খরিদ্দার সংগ্রহ করিয়া আমাকে জানাইলে আমি উক্ত গৌর বোস মহাশয়ের নিকট হইতে উক্ত জমির মূল্য প্রতি কাঠা ৬৫,০০০, পঁয়ষট্টি হাজার টাকা হিসাবে নির্দ্ধারিত মূল্য বুঝিয়া পাইয়া উক্ত গৌর বোস মহাশয়ের কথিত মত উক্ত গৌর বোস মহাশয়ের মনোনীত যে কোন ব্যাক্তি বা ব্যাক্তিগনের নাম বরাবর একাধিক দলিল রেজিষ্ট্রী করিয়া দিব। আপনি অত্র দলিলের ক্রেতা অত্র দলিলস্থ সমর্থনকারী পক্ষ উক্ত গৌর বোস মহাশয়ের মনোনীত ব্যাক্তি বিধায় নিম্ন তপশীল বর্নিত কমবেশ ২ - ০ - ০´ দুই কাঠা জমি খরিদ করিতে সম্মত হওয়ায় আপনার নিকট হইতে ২,০০,০০০-,

দুই ....

( ARUN KUMAR DE
Constituted Attorney
for Smt SANTI DE )



দুই লক্ষ টাকা নিম্নের জায়মত গ্রহন করিয়া উক্ত নির্দ্ধারিত মূল্য মধ্যে ৭০,০০০, সত্তর হাজার টাকা অত্র দলিলস্থ সমর্থনকারী পক্ষ শ্রী গৌর বোস মহাশয়কে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তির ডেভলপমেন্ট কষ্ট ও পারিশ্রমিক বাবদ প্রদান করা যাচ্ছে অবশিষ্ট মং ১,৩০,০০০, এক লক্ষ ত্রিশ হাজার টাকা নিম্ন তপশীল বর্নিত জমির বাবদ গ্রহন করিলাম । আমি অত্র দলিলস্থ বিক্রেতা নিম্ন তপশীল বর্নিত কমবেশ ২ - ০ - ০´ দুই কাঠা জমির বাবদ মোট ২,০০,০০০, দুই লক্ষ টাকা নিম্নের জায়মত বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনাকে সাফ, বিক্রয় করিয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে চিরনি:স্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং বিক্রীত সম্পত্তিতে খোলসা খাস দখল দিলাম ।

আপনি অদ্যকার তারিখ হইতে উক্ত বিক্রীত সম্পত্তিতে আমার স্বত্বে স্বত্বাধি - কারী হইয়া মালিকানে সরকারে ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমার নামের পরিবর্ত্তে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক দান, বিক্রয়, হস্তান্তর সর্ব্বপ্রকারের ক্ষমতাযুক্তে যদৃচ্ছা ব্যবহারে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । কস্মিন কালেও বিক্রীত সম্পত্তির উপর আমি কিংবা আমার ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে কেহ কোন দাবী দাওয়া করি কিংবা করে তাহা আইনত: অগ্রাহ্য হইবেক ।

বিক্রীত সম্পত্তিতে আমার যে সমস্ত স্বত্ব স্বামিত্ব লভ্য হক হকিয়ত ও যাবতীয়

ইজমেন্ট ....

( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt. SANTI DE )



ইজমেন্ট অধিকার ছিল বা আছে তৎ সমুদয় অদ্য হইতে রদ রহিত ও লোপ পাইয়া অত্র কোবালা বলে আপনাতে বর্ত্তিল ।

বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কাহারও নিকট কোন প্রকার দায়াবদ্ধ করি নাই বা কোন আদালত কর্তৃক ক্রোক নিলাম হয় নাই বা কোন আদালতের বিষয়ভূত সম্পত্তি নহে বা কাহারও নিকট জামিনে বা খোরাকির দায়ে আবদ্ধ নাই বা কাহারও নিকট বিক্রয় করিবার জন্য বায়নার চুক্তিতে আবদ্ধ নাই , অপর কোন স্বরিক বা অংশীদার নাই, উহাতে কোন চার্জ্জ নাই বা কোন ল্যান্ড এ্যাকুইজিসনের নোটিশাদী প্রাপ্ত হই নাই বা কোন এ্যাকুইজিশন বা রিকুইজি-সনের অর্ন্তভুক্ত সম্পত্তি নহে । উহা সম্পূর্ণ নিদ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে ।

ভবিষ্যতে যদি উপরোক্ত উক্তি সমূহের কোনটি মিথ্যা বা অশুকতা প্রকাশ পায় বা আমার স্বত্ব দখলের ত্রুটির কারন আপনার খরিদা স্বত্ব দখলের কিছু মাত্র বিঘ্ন ঘটে বা ক্ষতি হয় বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ হইতে বেদখল হন তাহা হইলে আইনানুসারে দায়ী ও দন্ডনীয় হইব এবং যাবতীয় ক্ষতিপূরন সহ পনের সম্পূর্ণ টাকা ফেরত দিতে ওয়ারিশান স্থলাভিষিক্ত গণক্রমে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কোন মোকদ্দমায় আমার সাক্ষ্য জবানবন্দী দিবার আবশ্যক হইলে তাহাও বেওজরে দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

বিক্রীত .....

( AFUN KUMAR DE
Constituted Attorney
For Smt SANTI DE )



বিক্রীত সম্পত্তি সংক্রান্ত দলিলে কোন ভ্রম থাকা প্রকাশ পাইলে তাহা সংশোধনার্থে যে কোন দলিল রেজিষ্ট্রী করিয়া দিবার আবশ্যক হইলে তাহাও দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

আমি অত্র দলিলস্থ সমর্থনকারী পক্ষ অত্র দলিলের মর্ম্ম সমূহ সম্যক অবগত থাকিয়া অত্র দলিলের বিক্রেতার নিকট হইতে ডেভলপমেন্ট কষ্ট ও পারিশ্রমিক বাবদ ৭০,০০০্ সত্তর হাজার টাকা অত্র দলিলস্থ বিক্রেতার মারফৎ বুঝিয়া পাইয়া অত্র দলিলের ক্রেতার স্বত্ত্ব দখল সুদৃঢ় করনার্থে অত্র দলিলের বিক্রেতার সহিত একযোগে অত্র দলিলে সহি সম্পাদন করিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে দলিলের মর্ম্ম সমূহ সম্যক অবগত থাকিয়া লিখিত পনের সম্পূর্ণ টাকা নিম্নের জায়মত বুঝিয়া পাইয়া অত্র দলিল সহি সম্পাদন করিলাম । ইতি সন ১৪০৭ সাল -- ১৮-ই মাঘ; ইংরাজী ১/২/২০০১ সাল।

তপশীল বিক্রীত সম্পত্তি : -
*********************

জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম ও এ্যাডিসনাল ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিস কাশীপুর দমদম সামিল [redacted] দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন ১০নং ওয়ার্ডের ১৬৯ নং পি.কে.গুহ রোড হোল্ডিং ভুক্ত কলিকাতা পরগণাস্থিত মৌজা দিগলা গ্রামে জে: এল: নং ১৮, রে: সা: নং ১৬১, তৌজী নং ১৭৩ বর্ত্তমান

মালেক .....

মালেক মহামান্য পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণার জেলা কালেক্টর বাহাদুর অধিকারে সাবেক ও হাল ২৭৬ নং খতিয়ান ভুক্ত ১.০৮ শতক জমির কাত বার্ষিক ৪ টাকা করের হাল রায়ত দখলী স্বত্ত্ব বিশিষ্ট জমিজমা মধ্যে --

৩৯৮ তিনশত আটানব্বই দাগস্থিত বাস্তু জমিমধ্যে আমার খাস দখলিয় অত্র দলিল সংলগ্ন নকসায় দর্শিত লাল রঙের রেখার দ্বারা চিহ্নিত ও সীমাবদ্ধ ১৫ নং প্লটভুক্ত কমবেশ ২ - ০ - ০´ দুই কাঠা জমির কাত বার্ষিক হারাহারী মতে .২০ পয়সা করের জমিজমা মায় তদুপরিস্থিত ১০০´ স্কোয়ার ফুট পরিমিত কাঁচা গৃহাদী সহ মায় নকসায় দর্শিত যাবতীয় রাস্তার চলাচলের বর্ত্তস্বত্ত্ব মায় উক্ত রাস্তার উপর অথবা তলদেশ দিয়া ড্রেন, জলের লাইন, ইলেকট্রিক লাইন ইত্যাদী লইবার যাবতীয় অধিকার সহ মায় যাবতীয় রাস্তার বর্ত্তস্বত্ত্ব মায় যাবতীয় ইজমেন্ট স্বত্ত্ব সহ অত্র দলিলে বিক্রীত সম্পত্তি হইতেছে ।

যাহার চৌহদ্দি : -
***************

উত্তর : - সঙ্গীয় নকসার ১৪ নং প্লট ।

দক্ষিন : - সঙ্গীয় নকসার ১৬ নং প্লট ।

পূর্ব্ব : - ৪১১ দাগ ।

পশ্চিম: - ১২´ ফুট প্রশস্ত কমন প্যাসেজ ।

অত্র ....

( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt. SANTI DE )



অত্র দলিল সংলগ্ন নকশা দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্য্যকারী হইবে ।

টাকার জায় : -
************

২,০০,০০০, টাকা

১,৩০,০০০, টাকা

৭০,০০০, টাকা

২,০০,০০০ টাকা

( ARUN KUMAR DE
Constituted Attorney
For Smt. SANTI DE )

ইসাদী :
******


দলিল প্রস্তুত কারক : -
****************

টাইপ কারক : -
**********

জয়া চক্রবর্ত্তী ,
১১/১এ, দমদম রোড ,
কলিকাতা - ৩০ ।।
****************

# SITE PLAN

C.S. DAG NO. 398 IN MOUZA DIGLA. J.L. NO. 18.
61. TOUZI NO. 173. KHATIAN NO. 276. WARD NO. .
UNDER DUMDUM MUNICIPALITY
P.S. DUM DUM DT. 24 PARGANAS(N)
SCALE 25 F' = 1 inc




NOTE
AREA OF PLOT NO. 15 MARKRED ▭
VANDEE.

L.AND & R.T.SHED = 2K. (M&LESS)

DRAWN BY
[signature]